দৈনিক আমাদের সময়

তারিখ ১8 AUG 2017
পৃষ্ঠা ২ কলাম ৮

# মাফ পাবেন না শিক্ষা খাতের দুর্নীতিবাজরা

–শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ● আঞ্চলিক, জেলা এবং উপজেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাদের দুর্নীতিমুক্ত থাকার আহ্বান জানিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা খাতে কিছু কর্মকর্তা দুর্নীতির সঙ্গে জড়িত। কারা দুর্নীতি করছেন সে খবর মন্ত্রণালয়ে আছে। কিছু কর্মকর্তার জন্য দুর্নীতির কলঙ্ক মেনে নেওয়া যায় না। দুর্নীতি ছাড়েন, নয়তো মাফ পাবেন না। গতকাল আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি) আয়োজিত আঞ্চলিক, জেলা এবং উপজেলা পর্যায়ের শিক্ষা কর্মকর্তাদের সঙ্গে সভায় মন্ত্রী এসব কথা বলেন।

মাউশির মহাপরিচালককে উদ্দেশ করে শিক্ষামন্ত্রী বলেন, কিছু জায়গায় দুর্নীতি হচ্ছে। সেখানে দুর্নীতিমুক্ত করতে হবে। এর জন্য যেসব পদক্ষেপ নেওয়া দরকার তা দ্রুত নেন। আমার কাছে কোনো দুর্নীতিগ্রস্ত লোক ছাড় পাবে না। তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।